রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**মঙ্গলবার, ফেব্রুয়ারি ২০, ২০২৪**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জনপ্রশাসন মন্ত্রণালয়**

**বিধি-৫ শাখা**

**আদেশ**

তারিখ: ০৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/১৯ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

**এস.আর.ও. নং ৩৩-আইন/২০২৪।**—সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭ নং আইন) এর ধারা ৫ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৪০ অনুচ্ছেদের দফা (২) এর বিধান অনুযায়ী বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ আদেশ জারি করিল, যথা:—

১। **শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আদেশ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) গঠন ও ক্যাডার আদেশ, ২০২৪ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কিছু না থাকিলে, এই আদেশে—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন;

(খ) "ক্যাডার পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(গ) "তফসিল" অর্থ এই আদেশের তফসিল;

(ঘ) "শিক্ষানবিশ" অর্থ ক্যাডার পদে শিক্ষানবিশ হিসাবে নিযুক্ত কোনো ব্যক্তি; এবং

(ঙ) "সার্ভিস" অর্থ বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)।



মূল্য : টাকা ১২.০০

৩। **সার্ভিস গঠন।**—(১) এই আদেশের উদ্দেশ্য পূরণকল্পে BCS (Administration) Composition and Cadre Rules of 1980 এর অধীন গঠিত BCS (Administration), বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) নামে অভিহিত হইবে এবং উহা এইরূপভাবে বহাল থাকিবে যেন উহা এই আদেশের অধীন গঠিত হইয়াছে।

(২) এই সার্ভিস নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে গঠিত হইবে, যথা:—

(ক) সেই সকল ব্যক্তি যাহারা BCS (Administration) Composition and Cadre Rules of 1980 এর অধীন গঠিত BCS (Administration) এ নিযুক্ত রহিয়াছেন;

(খ) সেই সকল ব্যক্তি যাহারা BCS (Economic) Composition and Cadre Rules of 1980 এর অধীন গঠিত BCS (Economic) এ নিযুক্ত হইয়া BCS (Administration) এর সহিত একীভূত হইয়াছেন;

(গ) সেই সকল ব্যক্তি যাহারা সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী সার্ভিসে নিযুক্ত হইবেন।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এর অধীন নিয়োগ প্রাপ্ত হইয়া পরবর্তীতে সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব এবং সচিব পদে পদোন্নতি প্রাপ্ত কর্মকর্তাগণও চাকরি ব্যবস্থাপনার উদ্দেশ্যে এই সার্ভিসের সদস্য হিসাবে গণ্য হইবেন।

৪। **ক্যাডারে অন্তর্ভুক্ত পদসমূহ।**—(১) তফসিলে উল্লিখিত পদ হইবে সার্ভিসে ক্যাডারের পদ।

(২) সরকার এতদুদ্দেশ্যে নির্ধারিত পদ্ধতিতে ক্যাডারের পদের সংখ্যা পরিবর্তন করিতে পারিবে।

৫। **নিয়োগকারী কর্তৃপক্ষ।**—রাষ্ট্রপতি বা তৎকর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা কর্তৃক সার্ভিসে নিয়োগদান করা যাইবে।

৬। **নিয়োগের পদ্ধতি।**—(১) এই সার্ভিসে ক্যাডার পদে নিয়োগ সংশ্লিষ্ট নিয়োগ বিধির বিধান অনুযায়ী সম্পাদিত হইবে।

(২) সার্ভিসের তফসিলভুক্ত পদ হইতে সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব ও সচিব পদে পদোন্নতি বিধিমালা, ২০০২ এর অধীন নির্ধারিত হইবে এবং অনুরূপে পদোন্নতিপ্রাপ্ত কর্মকর্তাগণ সরকারের উপসচিব, যুগ্মসচিব, অতিরিক্ত সচিব, গ্রেড-১, সচিব ও সিনিয়র সচিব হিসাবে এবং তফসিলভুক্ত পদে পদায়িত হইবেন।

৭। **যোগ্যতা।**—সার্ভিসে নিয়োগের জন্য ন্যূনতম যোগ্যতা ও অন্যান্য শর্ত সংশ্লিষ্ট নিয়োগ বিধিতে নির্ধারিত যোগ্যতা ও শর্তের অনুরূপ হইবে।

৮। **জ্যেষ্ঠতা।**—চাকরিতে প্রবেশের পর্যায়ে সার্ভিসের সদস্যদের জ্যেষ্ঠতা, সার্ভিসে নিয়োগের জন্য কমিশনের সুপারিশপত্রে স্থিরীকৃত মেধার ক্রমানুসারে নির্ধারিত হইবে।

৯। **সাধারণ বিধান**।—যে সকল বিষয়ে এই আদেশে স্পষ্টরূপে কোনো বিধান করা হয় নাই সেই সকল বিষয়ে সার্ভিসের সদস্যগণ সেই বিধিমালা বা আদেশ দ্বারা পরিচালিত হইবেন যাহা সরকার কর্তৃক প্রণীত বা জারি করা হইয়াছে বা তাহাদের প্রতি প্রযোজ্য করা হইয়াছে।

১০। **রহিতকরণ ও হেফাজত**।—(১) BCS (Administration) Composition and Cadre Rules of 1980 এবং BCS (Economic) Composition and Cadre Rules of 1980, অতঃপর উক্ত Rules দুটি বলিয়া উল্লিখিত, এতদ্দ্বারা রহিত করা হইল।

(২) উক্তরূপ রহিত সত্ত্বেও উক্ত Rules দুটির অধীন—

(ক) নিয়োগপ্রাপ্তদের নিয়োগ এবং উহার ধারাবাহিকতায় প্রাপ্ত প্রশিক্ষণ, শিক্ষানবিশিসহ চাকরিতে স্থায়ীকরণ, পদোন্নতি ও অর্জিত অধিকারসমূহ এমনভাবে চলমান থাকিবে যেন উহা এই আদেশের বিধান অনুযায়ী প্রাপ্ত ও অর্জিত হইয়াছে; এবং

(খ) কোনো কার্যক্রম অনিষ্পন্ন বা চলমান থাকিলে উহা উক্ত Rules দুটির অধীন এইরূপভাবে নিষ্পন্ন করিতে হইবে যেন উক্ত Rules দুটি রহিত হয় নাই।

তফসিল

[অনুচ্ছেদ-২(খ) ও (গ), ৪(১) এবং ৬(২) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের শ্রেণি | পদের সংখ্যা | ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের জন্য সংরক্ষিত পদের সংখ্যা |
|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) |
| ১। | (১) (ক) চেয়ারম্যান, ভূমি আপিল বোর্ড। | ১ | |
| | (খ) চেয়ারম্যান, ভূমি সংস্কার বোর্ড। | ১ | |
| | (গ) রেক্টর, বিসিএস (প্রশাসন) একাডেমি। | ১ | |
| | (ঘ) রেক্টর, বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র। | ১ | |
| | (ঙ) মহাপরিচালক, বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ড। | ১ | |
| | (চ) মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর। | ১ | |
| | (ছ) মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর। | ১ | |
| | | ৭ | ১ |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | |
| ২। | (১) (ক) বিভাগীয় কমিশনার। | ৮ | |
| | (খ) সদস্য, ভূমি আপিল বোর্ড। | ২ | |
| | (গ) সদস্য, ভূমি সংস্কার বোর্ড। | ২ | |
| | (ঘ) মহাপরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। | ১ | |
| | (ঙ) মহাপরিচালক, বিয়াম ফাউন্ডেশন। | ১ | |
| | (চ) প্রধান। | ৯ | |
| | (ছ) এম ডি এস। | ৫ | |
| | | ২৮ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ৩ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৩। | (১) (ক) মহাপরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর। | ১ | |
| | (খ) অতিরিক্ত কমিশনার। | ২৪ | |
| | (গ) পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। | ৩ | |
| | (ঘ) পরিচালক, স্থানীয় সরকার। | ১ | |
| | (ঙ) যুগ্ম প্রধান। | ৫৪ | |
| | | ৮৩ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ৯ |
| ৪। | (১) (ক) (অ) উপ-পরিচালক, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর। | ১ | |
| | (আ) সচিব, ভূমি আপিল বোর্ড। | ১ | |
| | (খ) উপ-ভূমি সংস্কার কমিশনার। | ৯ | |
| | (গ) পরিচালক, স্থানীয় সরকার। | ৮ | |
| | | ১৯ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ২ |
| ৫। | (১) (ক) জেলা প্রশাসক ও জেলা ম্যাজিস্ট্রেট। | ৬৪ | |
| | (খ) উপ-পরিচালক, স্থানীয় সরকার। | ৬৪ | |
| | (গ) জোনাল সেটেলমেন্ট অফিসার। | ২২ | |
| | (ঘ) সামরিক ভূ-সম্পত্তি প্রশাসক, চট্টগ্রাম। | ১ | |
| | (ঙ) উপ-পরিচালক, ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর। | ৫ | |
| | (চ) পরিচালক, আবাসন। | ১ | |
| | (ছ) অতিরিক্ত প্রধান পরিকল্পনা কর্মকর্তা। | ১ | |
| | (জ) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ। | ৬৪ | |
| | | ২২২ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ২২ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৬। | (১) (ক) উপসচিব [বিসিএস (প্রশাসন) ক্যাডার হইতে পদোন্নতিপ্রাপ্ত ]। | ৭৬৭ | |
| | (খ) উপপ্রধান। | ১০৯ | |
| | | ৮৭৬ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ৮৮ |
| ৭। | (১) (ক) অতিরিক্ত জেলা প্রশাসক এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট। | ৩২৩ | |
| | (খ) উপজেলা নির্বাহী অফিসার। | ৪৯৬ | |
| | (গ) সিনিয়র সহকারী সচিব। | ১৪৭৩ | |
| | (ঘ) ক্যান্টনমেন্ট এ্যাডমিনিসট্রেটর/ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার। | ১৫ | |
| | (ঙ) মিলিটারি এস্টেট অফিসার। | ২ | |
| | (চ) সেকশন অফিসার, ভূমি আপিল বোর্ড। | ৫ | |
| | (ছ) সচিব, জেলা পরিষদ। | ৬১ | |
| | (জ) সিনিয়র সহকারী প্রধান। | ২৯৫ | |
| | (ঝ) পরিকল্পনা কর্মকর্তা। | ১ | |
| | | ২৬৭১ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ২৬৭ |
| ৮। | (১) (ক) সহকারী পরিচালক, স্থানীয় সরকার। | ৬৪ | |
| | (খ) সহকারী সচিব, ভূমি আপিল বোর্ড। | ১ | |
| | (গ) রেভিনিউ ডেপুটি কালেক্টর। | ৬৪ | |
| | (ঘ) ভূমি অধিগ্রহণ কর্মকর্তা। | ৭৩ | |
| | (ঙ) সিনিয়র সহকারী কমিশনার (নেজারত)। | ৬৪ | |
| | (চ) সিনিয়র সহকারী কমিশনার। | ৩০৬ | |
| | (ছ) সিনিয়র সহকারী কমিশনার (প্রটোকল)। | ২ | |
| | (জ) সিনিয়র সহকারী কমিশনার (জি.সি.ও.)। | ৬৪ | |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| | (ঝ) চার্জ অফিসার। | ৪৮ | |
| | (ঞ) বিভাগীয় কমিশনারের সহকারী। | ১৬ | |
| | (ট) বিভাগীয় কমিশনারের একান্ত সচিব। | ৮ | |
| | (ঠ) আইন কর্মকর্তা, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর। | ১ | |
| | (ড) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর। | ২ | |
| | (ঢ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, সিটি কর্পোরেশন। | ৭ | |
| | (ণ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজউক। | ৯ | |
| | (ত) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মেরিন কোর্ট। | ২ | |
| | (থ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ঢাকা ওয়াসা। | ২ | |
| | (দ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম ওয়াসা। | ১ | |
| | (ধ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষ। | ১ | |
| | (ন) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষ। | ১ | |
| | (প) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ। | ১ | |
| | (ফ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, তিতাস গ্যাস। | ১ | |
| | (ব) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, মেট্রোপলিটন এরিয়া। | ৬ | |
| | (ভ) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পরিবেশ অধিদপ্তর। | ২ | |
| | (ম) এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বিআরটিএ। | ৬ | |
| | | ৭৫২ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ৭৫ |

| (১) | (২) | (৩) | (৪) |
|---|---|---|---|
| ৯। | (১) (ক) সহকারী কমিশনার। | ১০১৫ | |
| | (খ) সহকারী কমিশনার (ভূমি)। | ৫০৫ | |
| | (গ) সহকারী সচিব। | ২৫৭ | |
| | (ঘ) সহকারী সেটেলমেন্ট অফিসার। | ৮ | |
| | (ঙ) প্রেস অফিসার (সেটেলমেন্ট)। | ১ | |
| | (চ) অথোরাইজড অফিসার, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। | ১ | |
| | (ছ) সহকারী কমিশনার, পরিত্যাক্ত সম্পত্তি ব্যবস্থাপনা বোর্ড। | ৩ | |
| | (জ) সহকারী কমিশনার (অর্থ)। | ৪৮৫ | |
| | (ঝ) সহকারী প্রধান। | ১৩৪ | |
| | (ঞ) সচিব, চট্টগ্রাম ওয়াসা। | ১ | |
| | (ট) স্পেশাল অফিসার মেরিন। | ১ | |
| | (ঠ) সহকারী ভূমি সংস্কার কমিশনার। | ৬ | |
| | (ড) সহকারী কমিশনার, হাউজিং সেটেলমেন্ট। | ১ | |
| | | ২৪১৮ | |
| | (২) ছুটি, প্রেষণ এবং প্রশিক্ষণের বিপরীতে ১০% পদ সংরক্ষিত থাকিবে। | | ২৪১ |
| | | ৭০৭৬ | ৭০৮ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ মেজবাহ্ উদ্দিন চৌধুরী**
**সিনিয়র সচিব।**

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd